

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১৬.১৯.৫৪

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৬

১২ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৬৪৮৬/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে এ বিষয়ে হালনাগাদ তথ্য টিএমইডিতে প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০১.০৮.২০০৭ খ্রি:।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আব্দুল হালেক সরকার, অধ্যক্ষ, কাউন্সিলিং হায়াতুল উলুম আলিম মাদরাসা, থানা:পীরগঞ্জ, জেলা: রংপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং-৬৪৮৬/২০০৭ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ এবং অর্জি পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল হালেক সরকার এর বিরুদ্ধে বিখ্যাত বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আপিল এক্স আর্বিট্রেশন কমিটিতে অনুমোদন না হওয়ায় তাকে পুনঃবহাল করা হয়: ২৫.০৪.২০০৬ খ্রি: তারিখে অধ্যক্ষ মোঃ আব্দুল হালেক সরকার তার পদে যোগদান করেন। এর পরে মাউশি অধিদপ্তরের স্মারক নং: ৩৪ম-২৯৮-বিশেষ/২০০৬/৩২৫২/৩বি, তারিখ: ০৬.০৬.২০০৭ খ্রি: মূলে একজন সিনিয়র প্রত্যাগকে বিল ইত্রী এবং বেতন-ভাতার সরকারী অংশ উত্তোলন করে বিতরণ করার জন্য নির্দেশ দেয়া হয়।

০৩. এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট করে আবেদনকারী কর্তৃক মাউশি অধিদপ্তরের উল্লিখিত স্মারক পত্রটি বাতিল চেয়ে এবং শিক্ষণ কর্মসম্পাদনার নিয়মবহীনের নির্দেশ দাবী করে রিট পিটিশন নং-৬৪৮৬/২০০৭ মামলাটি দায়ের করা হয়।

০৪. রিট পিটিশন নং-৬৪৮৬/২০০৭ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপন্ডেন্ট, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপন্ডেন্ট, রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড-কে ৪ নং রেসপন্ডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপন্ডেন্টস করা হয়েছে।

০৫. ইতোমধ্যে মামলা বিষয়ে আইনী ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের আইন সেকশনের স্মারক নং: বিম/আইন/০৬/ইউ (MPO) ১৩/০৯/২০০৭/৪১১, তারিখ: ০৯.১১.২০০৭ খ্রি: মূলে মহাপরিচালক, মাউশি অধিদপ্তর কে পত্র প্রেরণ করা হয় তথ্য কে পরের বিষয়ে মামলাপত্র কোন তথ্য টিএমইডিতে এখনো পাওয়া যায়নি।

০৬. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (Affidavit in opposition) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না? মামলাটির শুনানী হয়েছে কী-না? কোন রায় হয়েছে কী-না? মামলাটির সবশেষ অবস্থা কী? এ মামলা বিষয়ে টিএমইডি এর করণীয় কী? ইত্যাদি বিষয়ে হাল নাগাদ তথ্য প্রয়োজন।

০৭. এমতাবস্থায় উপরোক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-৬৪৮৬/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে গৃহীত আইনী কার্যক্রমের হাল নাগাদ তথ্য আগামী ২০/০৫/২০১৯ তারিখের মধ্যে TMED-তে প্রেরণের জন্য মহোদয়কে নিম্নলিখিতমতে অনুরোধ করা হলো।



ড. মোঃ মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (প্রতিরক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নং: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১৬.১৯.৫৪/১(৭)

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৬

১২ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭) অফিস কপি, দু'পক্ষের কপি

১৯-৫-২০১৯

ড. মো: মubতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (জাঃঃ)